গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১৮১

**চাইলে পরে ঠিক, সিল দিন টিক**

**- অধ্যাপক আলী রীয়াজ**

রাজশাহী, ২৮ পৌষ (১২ জানুয়ারি):

প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী অধ্যাপক আলী রীয়াজ বলেছেন, অনেকেই বলেন, গণভোটের কোনো মার্কা নেই। কিন্তু গণভোটের মার্কা রয়েছে- হ্যাঁ হলে টিক চিহ্ন আর না হলে ক্রস চিহ্ন। তাই চাইলে পরে ঠিক, সিল দিন টিক (হ্যাঁ)।

রাজশাহী বিভাগীয় প্রশাসন ও ইসলামিক ফাউন্ডেশনের যৌথ আয়োজনে আজ সোমবার (১২ জানুয়ারি) দুপুরে রাজশাহী নগরীর কেন্দ্রীয় ঈদগাহ মাঠে গণভোটের প্রচার ও ভোটার উদ্বুদ্ধকরণের উদ্দেশ্যে বিভাগীয় ইমাম সম্মেলনে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

আলী রীয়াজ বলেন, জুলাই ২৪ এর গণ-অভ্যুত্থানের পরে রাজনৈতিক দলগুলোর মধ্যে আলাপ-আলোচনায় কিছুটা ভিন্নমত থাকলেও গণভোট অনুষ্ঠানের ব্যাপারে কোনো রাজনৈতিক দলের ভিন্নমত ছিল না। সকল রাজনৈতিক দল জুলাই সনদ বাস্তবায়নে একমত পোষণ করেছেন বলে মন্তব্য করেন তিনি।

তিনি বলেন, বাংলাদেশের একটি বড় সংকটের কারণ হলো আমরা নির্বাচনটা সঠিকভাবে করতে পারিনি। যতদিন পর্যন্ত তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা ছিল ততদিন পর্যন্ত আমরা তুলনামূলকভাবে গ্রহণযোগ্য নির্বাচন করতে পেরেছি। যখনই এটা বাতিল করে দেওয়া হয়েছে তারপরে কীভাবে তিনটি নির্বাচন হয়েছে সেটা আপনারা দেখেছেন।

আলী রীয়াজ বলেন, আমরা একটি স্বচ্ছ ও জবাবদিহিতামূলক রাষ্ট্র তৈরির পথে এগিয়ে যাওয়ার চেষ্টা করছি। রাষ্ট্র ব্যবস্থা কায়েম করতে হলে দেশের বর্তমান সংবিধান ও আইন বদল করতে হবে। অন্যথায় এদেশে সুশাসন প্রতিষ্ঠা করা অসম্ভব হয়ে যাবে। কিন্তু স্বাধীনতার চুয়ান্ন বছর পরেও আমরা এই লক্ষ্য অর্জন করতে পারিনি। আমরা এই লক্ষ্য অর্জনে এগিয়ে যেতে চাই। এসময় তিনি জুলাই সনদ বাস্তবায়নের মাধ্যমে সেই লক্ষ্য অর্জন করা সম্ভব বলে আশাবাদ ব্যক্ত করেন।

তিনি আরও বলেন, সামনের বাংলাদেশের দরজা খোলার চাবি আপনাদের হাতে। দরজাটা খুলবেন কি খুলবেন না সেটাই সবাইকে উৎসাহিত করুন। সাদা ব্যালটে মন খুলে যাকে পছন্দ ভোট দিন কিন্তু গোলাপি ব্যালটে টিক চিহ্নতে ভোট দিন, কারণ এটা বাংলাদেশের ভবিষ্যতের প্রশ্ন। সেই ভবিষ্যৎ দায়িত্বটা আমরা সবাই মিলে পালন করবো, আশা করি আমরা সফল হব।

ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক আ. ছালাম খান-এর সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী জাতীয় ঐকমত্য কমিশনের সদস্য মনির হায়দার, রাজশাহী বিভাগীয় কমিশনার ড. আ.ন.ম. বজলুর রশীদ, রাজশাহী রেঞ্জের ডিআইজি মোহাম্মদ শাহজাহান এবং আরএমপি কমিশনার মো. জিললুর রহমান বক্তব্য রাখেন। এসময় রাজশাহী বিভাগের ইমাম, সরকারি-বেসরকারি বিভিন্ন দপ্তরের ঊর্ধ্বতন কর্মকর্তা এবং গণমাধ্যমকর্মী উপস্থিত ছিলেন।

....................................................................

রুহুল/তৌহিদ/আতিক/আলীম/২০২৬/১৬:৩০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd